

প্রেস রিলিজ

তারিখ : ০৭ মার্চ, ২০২৪

বাউবিতে ঐতিহাসিক ৭ই মার্চ দিবস উদযাপন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে (বাউবি) যথাযোগ্য মর্যাদায় ঐতিহাসিক ৭ই মার্চ দিবস-২০২৪ উদযাপিত হয়। দিবসটি উপলক্ষ্যে ০৭ই মার্চ ২০২৪, বৃহস্পতিবার সকালে বাউবির গাজীপুরস্থ ক্যাম্পাসের 'স্বাধীনতা চিরন্তন' স্মারক ভাস্কর্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার-এর নেতৃত্বে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়।

সূর্যোদয়ের সাথে সাথে গাজীপুর মূল ক্যাম্পাসে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার জাতীয় পতাকা এবং প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন করে দিবসের কর্মসূচির সূচনা করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, ডিন, পরিচালক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ এবং বাউবির শিক্ষক সমিতি, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম উপস্থিত ছিলেন।



একই সাথে দেশ জুড়ে অবস্থিত আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রসমূহে একযোগে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন করা হয়।

এ ছাড়াও ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে উপাচার্যের পক্ষে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু ও প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে গভীর শ্রদ্ধা নিবেদন করেন। এ সময় ঢাকা আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালক রানা হামিদুর রহমানসহ, কর্মকর্তা, কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

স্বাক্ষর

(ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

বাউবির দিক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা